

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০১৪

(كتاب الخراج والإمارة والفاء) ১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে

পরিচ্ছেদঃ ১৬৩. মক্কা বিজয় সম্পর্কে।

بَابٌ مَا جَاءَ فِي خَبَرٍ مَكَّةَ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا سَلَامُ بْنُ مِسْكِينٍ، حَدَّثَنَا ثَابِتُ الْبُنَانِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ الْأَنْصَارِيِّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا دَخَلَ مَكَّةَ سَرَّحَ الْزُّبَيرَ بْنَ الْعَوَامِ وَأَبَا عَبِيدَةَ بْنَ الْجَرَاحِ وَخَالِدَ بْنَ الْوَلِيدِ عَلَى الْخَيْلِ وَقَالَ "يَا أَبَا هُرَيْرَةَ اهْتِفْ بِالْأَنْصَارِ". قَالَ اسْلُكُوا هَذَا الطَّرِيقَ فَلَا يُشْرِقُنَّ لَكُمْ أَحَدٌ إِلَّا أَنْتُمُوهُ . فَنَادَى مُنَادٍ لَا قُرِيشَ بَعْدَ الْيَوْمِ . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "مَنْ دَخَلَ دَارًا فَهُوَ آمِنٌ وَمَنْ مِنْ أَقْوَى السِّلَاحِ فَهُوَ آمِنٌ" . وَعَمَدَ صَنَادِيدُ قُرِيشٍ فَدَخَلُوا الْكَعْبَةَ فَغَصَّ بِهِمْ وَطَافَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَلَّى خَلْفَ الْمَقَامِ ثُمَّ أَخَذَ بِجَنْبَتِي الْبَابِ فَخَرَجُوا فَبَأَيْعُوا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الإِسْلَامِ .

বাংলা

৩০১৪. মুসলিম ইবন ইবরাহীম (রহঃ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কায় প্রবেশ করেন, তখন তিনি যুবায়র ইবন আওয়াম, আবু উবায়দা ইবন জাররাহ এবং খালিদ ইবন ওয়ালীদ (রাঃ)-কে অশ্বপৃষ্ঠে আরোহিত অবস্থায় ছেড়ে দেন। এরপর তিনি বলেনঃ হে আবু হুরায়রা! আনসারদের দেকে বলে দাও, তারা যেন এ রাস্তা ধরে অগ্রসর হয়। আর যে কেউ (এ রাস্তায়) তোমাদের সম্মুখীন হবে, তাকে হত্যা করে ফেলবে। এ সময় জনৈক ব্যক্তি একুশ ঘোষণা দেয় যে, আজকের দিনের পর আর কোন কুরাইশ অবশিষ্ট থাকবে না।

তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি তার গৃহে প্রবেশ করবে সে নিরাপদ, যে ব্যক্তি তার অস্ত্রশস্ত্র সমর্পণ করবে, সে নিরাপদ। এ সময় কুরাইশ নেতারা কাব্বা শরীফের মধ্যে (নিরাপত্তার আশায়) প্রবেশ করে, ফলে কাব্বা শরীফ ভরে যায়। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফ সম্পন্ন করেন এবং মাকামে ইবরাহীমের পেছনে সালাত আদায় করেন। এরপর তিনি কাব্বা ঘরের দরজার চৌকাঠ ধরেন। তখন তারা (কুরায়শ নেতারা) বেরিয়ে আসে এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ইসলামের উপর বায়'আত

গ্রহণ করে।

English

Abu Hurairah said “When the Prophet (ﷺ) entered Makkah he left Al Zubair bin Al Awwam, Abu ‘Ubaidah bin Al Jarrah and Khalid bin Al Walid on the horses and he said “Abu Hurairah call the helpers.” He said”Go this way. Whoever appears before you kill him”. A man called “the Quraish will be no more after today.” The Apostle of Allaah(ﷺ) said “he who entered house is safe, he who throws the weapon is safe. The chiefs of the Quraish intended (to have a resort in the Ka’bah), they entered the Ka’bah and it was full of them. The Prophet (ﷺ) took rounds of Ka’bah and prayed behind the station. He then held the sides of the gate (of the Ka’bah). They (the people) came out and took the oath of allegiance (at the hands) of the Prophet (ﷺ) on Islam.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35121>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন